ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬২২
আগরতলা, ৬ নভেম্বর, ২০২৫

**দক্ষিণ নলছড়ে বাড়ি বাড়ি পতঙ্গবাহিত রোগ প্রতিরোধে পরিদর্শন**



সিপাহীজলা জেলার সুকুমার বর্মণ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত দক্ষিণ নলছড় রোগ প্রতিরোধ সংক্রান্ত পরিদর্শন করেন আশাকর্মী সবিতা ভৌমিক এবং আশা ফ্যাসিলিটেটর দীপা দাস। এই পরিদর্শনকালে মূলত নবজাতকের বাড়ি গিয়ে তারা পতঙ্গবাহিত রোগ থেকে সুরক্ষা প্রদানের উপায় সম্পর্কে আলোচনা করেন। নিয়মিত মশারি ব্যবহারের পাশাপাশি তারা স্থানীয় বাসিন্দাদের অন্যান্য প্রতিরোধমূলক ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত ধারণা দেন। এছাড়াও, এই পরিদর্শনের মাধ্যমে তারা মশার উপদ্রব এবং অন্যান্য পতঙ্গবাহিত রোগের ঝুঁকি কমানোর জন্য স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখার গুরুত্ব সম্পর্কে স্থানীয়দের আরও সচেতন করেন। এই ধারাবাহিক প্রচেষ্টার মাধ্যমে স্বাস্থ্য ব্যবস্থার উন্নতির পাশাপাশি কমিউনিটি হেলথ প্রোগ্রামগুলোতে মানুষকে আরও সক্রিয় অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধ করবে। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****